ই - সংবাদ

।। প্রেস রিলিজ - তথ্য ও সংস্কৃতি দপ্তর - ত্রিপুরা সরকার -২৫/০৯/২০১৭ ।।

তেলিয়ামুড়ায় মাছ চাষে সহায়তা

খোয়াই, ২৫ সেপ্টেম্বর ।। তেলিয়ামুড়া মৎস্য তত্বাবধায়ক কার্যালয়ের উদ্যোগে মহকুমার বিভিন্ন ব্লকের মৎস্য চাষীদের ছোট পুকুরে বিজ্ঞান ভিত্তিক মাছ চাষ প্রকল্পে সহায়তা দেওয়া হয়েছে। এই প্রকল্পে মুঙ্গিয়াকামী ব্লকের ১০ জনকে ০.৭ হেক্টর পুকুরে, কল্যাণপুর ব্লকের ১১ জনকে ০.৭৭ হেক্টর পুকুরে, তেলিয়ামুড়া ব্লকের ১৩ জনকে ০.৯১ হেক্টর পুকুরে ও তেলিয়ামুড়া পুর পরিষদ এলাকার ৮ জন মাছ চাষীর ০.৫৬ হেক্টরে পুকুরে মাছ চাষের জন্য প্রত্যেক মাছ চাষীকে ৪৫০টি করে মিশ্র প্রজাতির মাছের পোনা সহ মাছ চাষের প্রয়োজনীয় উপকরণ প্রদান করা হয়েছে। এই প্রকল্পে ব্যয় হয়েছে ৪ লক্ষ ১৪ হাজার .৭৯২ টাকা।

উদয়পুরে মরণোত্তর চক্ষুদান শিবির অনুষ্ঠিত

উদয়পুর, ২৫ সেপ্টেম্বর ।। উদয়পুর মহকুমার ত্রিপুরা সুন্দরী মহকুমা হাসপাতালের উদ্যোগে আজ মহকুমা হাসপাতালের কনফারেন্স হলে মরণোত্তর চক্ষুদান শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে মরণোত্তর চক্ষুদানের বিষয়ে আলোচনা করেন মহকুমা স্বাস্থ্য আধিকারিক ডা: দেবাশিস দাস, চক্ষু বিশেষজ্ঞ ডাঃ দেবশ্রী দেববর্মা। শিবিরে ৭ জন মরণোত্তর চক্ষুদানের অঙ্গীকার করেন।

তেলিয়ামুড়ায় বিদ্যালয়ের পরিকাঠামো উন্নয়ন

খোয়াই, ২৫ সেপ্টেম্বর ।। তেলিয়ামুড়া বিদ্যালয় পরিদর্শক কার্যালয়ের উদ্যোগে সর্বশিক্ষা অভিযান প্রকল্পে তেলিয়ামুড়া ব্লকের তুইসিন্দ্রাই বাড়ী দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ে ৩টি অতিরিক্ত শ্রেণী কক্ষ নির্মাণ করা হয়েছে। এছাড়া, তেলিয়ামুড়া ব্লকের ডি এম পাড়া জে বি স্কুলের ২টি এবং কল্যাণপুর ব্লকের কাঁঠালবাড়ী জে বি স্কুলে ২টি অতিরিক্ত শ্রেণীকক্ষ নির্মাণ করা হয়েছে। এই প্রকল্পে প্রতিটি শ্রেণীকক্ষ নির্মাণে ৩ লক্ষ ৭০ হাজার টাকা করে ব্যয় হয়েছে। সংশ্লিষ্ট বিদ্যালয় পরিদর্শক কার্যালয় থেকে এ তথ্য জানানো হয়েছে।

শারদোৎসব উপলক্ষে মুখ্যমন্ত্রীর শুভেচ্ছাজ্ঞাপন

আগরতলা, ২৫ সেপ্টেম্বর ।। মুখ্যমন্ত্রী মানিক সরকার শারদোৎসব উপলক্ষে সকল ত্রিপুরাবাসীকে আন্তরিক প্রীতি ও শুভেচ্ছা জানিয়েছেন।এক শুভেচ্ছা বার্তায় মুখ্যমন্ত্রী বলেন,শারদোৎসব ত্রিপুরার চিরন্তন শান্তি সম্প্রীতি ও সৌভ্রাতৃত্বের ঐতিহ্যকে আরও সুদৃঢ় হতে সাহায্য করুক।সকলের সম্মিলিত অংশগ্রহণে শারদোৎসব আনন্দোজ্জ্বল হয়ে উঠুক।

দক্ষিণ উনকোটি ভিলেজে প্রশাসনিক শিবির অনুষ্ঠিত

কুমারঘাট, ২৫ সেপ্টেম্বর ।। কুমারঘাট মহকুমা প্রশাসনের উদ্যোগে সম্প্রতি দক্ষিণ উনকোটি ভিলেজ কমিটির পোংছড়া জে বি স্কুলে প্রশাসনিক ও স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হয়।শিবিরে ১৮ টি ইনকাম,১৭টি পি আর টি সি এবং ৭ টি এস টি সার্টিফিকেটের আবেদন পত্র গ্রহণ করা হয়।স্বাস্থ্য দপ্তর থেকে শিবিরে ২৯ জনের স্বাস্থ্য পরীক্ষা করে প্রয়োজনীয় ঔষধ এবং প্রাণী সম্পদ বিকাশ দপ্তর থেকে ১৫৮টি গবাদী পশু ও পাখীর ঔষধ প্রাণীপালকদের দেওয়া হয়।শিবিরে মহকুমা শাসক মুক্তিপদ পালের সভাপতিত্বে বিভিন্ন দপ্তরের আধিকারিকদের উপস্থিতিতে এলাকার স্বার্থ সংশ্লিষ্ট বিষয়ে আলোচনা হয়।

লোক সঙ্গীত ও লোক নৃত্যের কর্মশালা সমাপ্ত

কুমারঘাট, ২৫ সেপ্টেম্বর ।। কুমারঘাট তথ্য ও সংস্কৃতি কার্যালয় এবং মাতৃভাষা মিশনের যৌথ উদ্যোগে বিমল সিনহা শপিং কমপ্লেক্সে আয়োজিত সপ্তাহব্যাপী আবৃত্তি, চিত্রাঙ্কন এবং লোক সঙ্গীত ও লোক নৃত্যের কর্মশালা গত ২৩ সেপ্টেম্বর শেষ হয়েছে।সমাপ্তি দিনে প্রশিক্ষণপ্রাপ্ত ৪৫ জন শিল্পী আবৃত্তি,চিত্রাঙ্কন এবং লোকসঙ্গীত ও লোক নৃত্য পরিবেশন করেন।এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কুমারঘাট পুর পরিষদের ভাইস চেয়ারপার্সন রতন চক্রবর্তী, শিক্ষক রবীন্দ্র সিনহা সহ বিশিষ্ট জনেরা।

সোনামুড়ায় মেধাবৃত্তি প্রদান

সোনামুড়া, ২৪ সেপ্টেম্বর ।। সোনামুড়া মহকুমার বিভিন্ন বিদ্যালয়ের মেধাবী উপজাতি ছাত্রছাত্রীদের মেধাবৃত্তি প্রদান করা হয়েছে। মহকুমা প্রশাসনের উদ্যোগে গত ২১ সেপ্টেম্বর সোনামুড়া পুরাতন টাউন হলে আয়োজিত এক অনুষ্ঠানে মেধাবী উপজাতি ছাত্রছাত্রীদের হাতে মেধাবৃত্তি তুলে দেয়া হয়। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বিধায়ক শ্যামল চক্রবর্তী ও বিধায়ক তপন দাস উপস্থিত ছিলেন।

মেধাবৃত্তি প্রদান অনুষ্ঠানে ভাষণ রাখতে গিয়ে বিধায়ক শ্যামল চক্রবর্তী বলেন, রাজ্য সরকার রাজ্যের শিক্ষার পরিকাঠামোর উন্নয়নে অধিক গুরুত্ব দিয়েছে। তিনি বলেন, উপজাতিদের মধ্যে শিক্ষিতের হার বেড়েছে। আগামী দিনে এই হার আরও বাড়িয়ে তুলতে উদ্যোগী হতে হবে। বিধায়ক তপন দাস বলেন, উপজাতি ছাত্রছাত্রীদের মধ্যে এই ধরণের মেধাবৃত্তি প্রদান কর্মসূচি শিক্ষায় তাদেরকে এগিয়ে নিয়ে যাবার ক্ষেত্রে উৎসাহ জোগাবে। অনুষ্ঠানে এ ডি সি-র মোহনভোগ সাবজোনাল চেয়ারম্যান মধুসুদন দেববর্মা, এলাকার সমাজসেবী ভরত নোয়াতিয়া উপস্থিত ছিলেন। সভাপতিত্ব করেন এ ডি সি-র মোহনভোগ সাব জোনালের প্রাক্তন চেয়ারম্যান বাণী সিং দেববর্মা।

স্বাগত ভাষণ রাখেন সোনামুড়ার মহকুমা শাসক সুমিত লোধ। অনুষ্ঠানে ষষ্ঠ থেকে নবম শ্রেণীর গত বার্ষিক পরীক্ষায় এবং ২০১৭-এর মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় ৬০ শতাংশ বা তদূর্ধ্ব নাম্বার পেয়ে উত্তীর্ণ হয়েছে এমন ৫১ জন ছাত্রছাত্রীকে মেধাবৃত্তি প্রদান করা হয়।

আমবাসায় ২৭৮ জন উপজাতি ছাত্র-ছাত্রীকে মেধাবৃত্তি প্রধান

আমবাসা, ২২ সেপ্টেম্বর ।। আমবাসা মহকুমা প্রশাসনের উদ্যোগে গতকাল এক অনুষ্ঠানের মাধ্যমে মহকুমার ২৬টি বিদ্যালয়ের ৬ষ্ঠ শ্রেণী থেকে দ্বাদশ শ্রেণীর ২৭৮ জন উপজাতি ছাত্র ছাত্রীদের মেধাবৃত্তি প্রদান করা হয়। আমবাসা টাউন হলে আয়োজিত এই অনুষ্ঠানের উদ্বোধন করেন বিধায়ক ললিত কুমার দেববর্মা। উদ্বোধকের ভাষণে তিনি বলেন, ছাত্র ছাত্রীদের পড়াশোনায় উৎসাহ দানের লক্ষ্যে মেধা বৃত্তি প্রদান করা হচ্ছে। ভাল ভাবে পড়াশোনা করে সমৃদ্ধ দেশ গঠনে ব্রতী হবার জন্য তিনি ছাত্র ছাত্রীদের পরামর্শ দেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ধলাই জেলা কল্যাণ আধিকারিক তকিরাই দেববর্মা, বিদ্যালয় পরিদর্শক বিষ্ণু দত্ত, কুলাই দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা মন্দিরা দেববর্মা প্রমুখ। স্বাগত ভাষণ রাখেন আমবাসা মহকুমা কল্যাণ আধিকারিক কবিতা দেববর্মা।

ধলাই জেলায় মাছ চাষে সহায়তা

আমবাসা, ২২ সেপ্টেম্বর ।। ধলাই জেলা মৎস্য কার্যালয়ের উদ্যোগে চলতি অর্থ বছরে ধলাই জেলার আমবাসা পুর পরিষদ, কমলপুর নগর পঞ্চায়েত এবং ৮ টি ব্লক এলাকার ১৭৭৪ জন মৎস্য চাষীকে ২১৮.৯০ হেক্টর জলাশয়ে মাছ চাষ করার জন্য ১৭ লক্ষ ৯৩ হাজার ৪০০টি বিভিন্ন প্রজাতির মাছের পোনা দেওয়া হয়েছে। এতে ব্যয় হয় ১৪ লক্ষ ৪০ হাজার টাকা। এছাড়া, ধলাই জেলাতে মাছের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে দপ্তর থেকে বিভিন্ন ছড়া, নদী এবং ডম্বুর জলাশয়ে ২২ লক্ষ রুই, কাতল, মৃগেল মাছের পোনা ছাড়া হয়েছে। সংশ্লিষ্ট মৎস্য কার্যালয় থেকে এতথ্য জানানো হয়েছে।

আনন্দনগরে স্বাস্থ্য শিবিরের কর্মসূচি

আগরতলা, ২২সেপ্টেম্বর ।। আনন্দনগর প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের উদ্যোগে আগামী অক্টোবর মাসে এই স্বাস্থ্য কেন্দ্র এলাকার ৬টি অঙ্গঁনওয়াড়ী কেন্দ্রে বিশেষ স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হবে।শিবির শুরু হবে সকাল ১১ টায়।কর্মসূচি অনুযায়ী ৮ অক্টোবর শিবির হবে ক্ষুদিরাম কলোনী,১০-অক্টোবর সবর পাড়া,১৩-অক্টোবর সর্বহারা কলোনী,১৭-অক্টোবর শ্রীচন্দ্র পাড়া,২০-অক্টোবর দক্ষিণ পালপাড়া এবং ২২-অক্টোবর হবে গঙ্গাঁরাম পাড়ায়।সংশ্লিষ্ট স্বাস্থ্য কেন্দ্রের পক্ষ থেকে এতথ্য জানানো হয়েছে।

পশ্চিম জেলায় প্রাণী চিকিৎসা শিবির অনুষ্ঠিত

আগরতলা,২২ সেপ্টেম্বর ।। প্রাণী সম্পদ বিকাশ দপ্তরের পশ্চিম জেলা কার্যালয়ের উদ্যোগে চলতি অর্থ বছরের আগষ্ট মাস পর্যন্ত ৯১৫টি বিশেষ চিকিৎসা শিবির অনুষ্ঠিত হয়।শিবিরে ৩ লক্ষ ৫২ হাজার ৫৭টি গবাদি পশু ও পাখির রোগ প্রতিরোধক ঔষধ প্রাণী পালকদের দেওয়া হয়।এছাড়া, ঐ সময়ে গবাদি পশু টিকাকরণ করা হয় ২৪ লক্ষ ১৯ হাজার টি।কৃত্রিম প্রজনন করা হয় ১৭ হাজার ৫৬৬ টি গবাদি পশুর।সংশ্লিষ্ট দপ্তরের উপ-অধিকর্তা সুব্রত শুক্লদাস এই সংবাদ জানিয়েছেন।

বিশালগড় পঞ্চায়েত সমিতির সভা অনুষ্ঠিত

বিশালগড়, ২২ সেপ্টেম্বর ।। রাজ্য সরকার সীমিত আর্থিক ক্ষমতার মধ্যে দাঁড়িয়েও মানুষের কল্যাণে কাজ করছে। আজ বিশালগড় পঞ্চায়েত সমিতির সাধারণ সভায় অর্থ, তথ্য ও সংস্কৃতি মন্ত্রী ভানুলাল সাহা এ কথা বলেন । বিশালগড় পঞ্চায়েত সমিতির হলে অনুষ্ঠিত এই সভায় ব্লক এলাকার বিভিন্ন উন্নয়ন কর্মসূচীর পর্যালোচনা করে তিনি বলেন, গ্রামীণ এলাকার মানুষের আর্থ সামাজিক মান উন্নয়নে গৃহীত কর্মসূচিগুলি যাতে যথাযথ ভাবে রূপায়িত হয় তা সংশ্লিষ্ট দপ্তর আধিকারিক ও পঞ্চায়েতগুলিকে দেখতে হবে । প্রতিটি পঞ্চায়েতে মানুষের স্বার্থে উন্নয়ন কর্মসূচি জারি রাখতে হবে। পঞ্চায়েত উন্নয়ন তহবিল, অর্থ কমিশনের বরাদ্দ অর্থে এবং বিভিন্ন প্রকল্পের মাধ্যমে জনস্বার্থে কর্মসূচী রূপায়ণে গুরুত্ব দিতে হবে । সাম্প্রতিক বন্যায় যে সমস্ত এলাকায় রাস্তাঘাট, ব্রীজ, কালভার্ট ইত্যাদি ক্ষতিগ্রস্ত হয়েছে তা দ্রুত সংস্কারের যথাযথ উদ্যোগ নিতেও তিনি সংশ্লিষ্ট দপ্তর আধিকারিকদের নির্দেশ দেন ।সভায় বিশালগড় ব্লকের বি ডি ও রতন ভৌমিক জানান, পঞ্চায়েত উন্নয়ন তহবিলে চলতি অর্থবর্ষে ১৬ লক্ষ ৭৯ হাজার টাকা ব্যয়ে বিভিন্ন জায়গায় রাস্তা এবং মার্কেট শেডগুলি সংস্কার করা হচ্ছে। তিনি জানান, ব্লক এলাকায় এখন পর্যন্ত বি পি এল ৯০৪টি ও এ পি এল ৯৬০টি পরিবারকে স্বচ্ছ ভারত মিশন প্রকল্পে শৌচাগার তৈরী করে দেওয়া হয়েছে । কাজ চলছে এ পি এল ও বি পি এল মিলিয়ে ১৯৮৯টি শৌচাগারের । সভায় সি ডি পি ও জানান, ব্লক এলাকায় বিভিন্ন সামাজিক ভাতা প্রকল্পে নতুন ১৭৮১ জনকে ভাতা প্রদানের ব্যবস্থা নেয়া হচ্ছে । কৃষি দপ্তরের আধিকারিক জানান, সাম্প্রতিক বন্যায় ক্ষতিগ্রস্ত ৩৭৭১জন কৃষককে সাহায্যের জন্য পরিকল্পনা হাতে নেয়া হয়েছে । সভায় সভাপতিত্ব করেন বিশালগড় পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান দুলন সরকার (হাজারী) ।

গোমতী জিলা পরিষদের দারিদ্র্য দূরীকরণ স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত

উদয়পুর, ২১ সেপ্টেম্বর ।। গোমতী জিলা পরিষদের দারিদ্র্য দূরীকরণ স্থায়ী কমিটির সভা গতকাল জিলা পরিষদের সভাগৃহে অনুষ্ঠিত হয় । জিলা পরিষদের সদস্যা শেফালী সুত্রধরের সভাপতিত্বে অনুষ্ঠিত এই সভায় বিভিন্ন উন্নয়নমূলক কর্মসূচী নিয়ে বিস্তারিত আলোচনা হয় । সভায় মৎস্য দপ্তরের প্রতিনিধি জানান, মিষ্টি জলে মাছ চাষ প্রকল্পে জেলার ৪৬৯ জন মৎস্য চাষীকে মাছ চাষের জন্য সহায়তা করা হয়েছে । এর জন্য ব্যয় হয়েছে ৭৫ লক্ষ ৬০ হাজার টাকা । এম জি এন রেগায় পুকুর সংস্কারের জন্য ৪৬৯ জন বেনিফিসারীকে ৩১ লক্ষ ৫০ হাজার টাকা সহায়তা করা হয়েছে । গত ৫ বছরে যে সমস্ত পুকুর ও জলাশয় সৃষ্টি করা হয়েছিল এমন ১৭টি জলাশয় সংস্কারে ৫ লক্ষ ৯৫ হাজার টাকা ব্যয় করা হয়েছে । তিনি জানান, মৎস্য চাষীদের মাছ পরিবহণের সুবিধার্থে জেলার ৮জন মৎস্য চাষীকে ১টি করে অটোভেন দেওয়া হয়েছে । এতে মোট ব্যয় হয়েছে ১৬ লক্ষ টাকা । সভায় উদ্যান দপ্তরের প্রতিনিধি জানান, ২০১৭-১৮ অর্থ বছরে ৪৪৫ হেক্টর জমিতে সবজি চাষের লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে । তিনি জানান, সাম্প্রতিক বন্যায় প্রায় ৩৫০০টি পরিবারের ২৫৮ হেক্টর জমির ফসল নষ্ট হয়েছে। এতে প্রায় ৫ কোটি টাকার ফসল ক্ষতিগ্রস্ত হয়েছে । তিনি জানান, অসমের আনারস চাষ করা হবে ৯০ হেক্টর । সভায় পানীয় জল ও স্বাস্থ্য বিধি দপ্তরের কাজকর্ম নিয়েও আলোচনা করা হয় । সভায় জিলা পরিষদের সভাধিপতি সুনীতি সাহা, সহকারী সভাধিপতি দীনবন্ধু দাস সহ কমিটির সদস্যগণ উপস্থিত ছিলেন ।

এখন প্রত্যন্ত গ্রাম থেকেও ডাক্তার-ইঞ্জিনীয়ার তৈরী হচ্ছেন ঃ উপজাতি কল্যাণ মন্ত্রী

আগরতলা, ২১ সেপ্টেম্ব ।। উপজাতি কল্যাণ মন্ত্রী অঘোর দেববর্মা প্রয়াত মুখ্যমন্ত্রী দশরথ দেবের আদর্শ অনুসরণ করে ছাত্র সমাজকে প্রকৃত মানুষ হিসেবে নিজেকে গড়ে তোলার আহ্বান জানিয়েছেন । তিনি বলেন, কেবল অর্থ রোজগার করলেই মানুষ হওয়া যায়না । অর্থ দিয়ে বিদ্যাও কেনা যায় না । তাই সমাজ পরিবর্তন বা বিবর্তনে শিক্ষাই হোক প্রধান অস্ত্র । শ্রী দেববর্মা আজ রবীন্দ্র শতবার্ষিকী ভবনের এক নং প্রেক্ষাগৃহে সদর মহকুমা ভিত্তিক উপজাতি ছাত্র-ছাত্রীদের মধ্যে মেধাবৃত্তি প্রদান অনুষ্ঠানে এই অভিমত ব্যক্ত করেন । অনুষ্ঠানে ষষ্ঠ থেকে নবম শ্রেণীর গত বার্ষিক পরীক্ষায় যে সকল উপজাতি ছাত্র-ছাত্রী ৬০ শতাংশ বা এর উপর নাম্বার পেয়ে উত্তীর্ণ হয়েছে এমন ৬০৯ জনকে এবং মাধ্যমিক, একাদশ ও উচ্চমাধ্যমিক পরীক্ষায় অনুরূপ নাম্বার প্রাপ্ত ৫৭২ জন ছাত্রছাত্রীকে মেধাবৃত্তি এবং এ বছরের মাধ্যমিক, উচ্চ মাধ্যমিকের পরীক্ষায় ৮০ শতাংশ বা এর উপর নাম্বার পেয়ে উত্তীর্ণ হয়েছে এমন ১২৯ জনকে দশরথ দেব স্মৃতি পুরস্কারে পুরস্কৃত করা হয় । উপজাতি কল্যাণ দপ্তরের এ বাবদ মোট ব্যয় হয়েছে ২৩ লক্ষ ৯ হাজার ৩০০ টাকা ।
প্রদীপ জ্বেলে এই অনুষ্ঠানের উদ্বোধন করে উপজাতি কল্যাণ মন্ত্রী অঘোর দেববর্মা প্রয়াত মুখ্যমন্ত্রী দশরথ দেশের প্রতিকৃতিতে পুষ্পার্ঘ অর্পণ করে শ্রদ্ধা জ্ঞাপন করেন । তিনি বলেন, উপজাতি ছাত্র-ছাত্রীদের উৎসাহ দেবার জন্য এই বৃত্তি চালু করা হয়েছে । বর্তমান রাজ্য সরকারের দৃষ্টিভঙ্গী হচ্ছে সকলের জন্য শিক্ষা । আজ এমন কোন গ্রাম পাহাড় শহরাঞ্চল নেই যেখানে শিক্ষার আলো পৌঁছে নি । রাজ্যে রয়েছে ২২টি ডিগ্রী কলেজ ও ৩টি বিশ্ববিদ্যালয় । বাজেটে শিক্ষাখাতে সবচেয়ে বেশী বরাদ্দ করা হয় । তিনি বলেন, শিক্ষা ছাড়া দেশ ও সভ্যতা এগিয়ে যেতে পারে না । শিক্ষা হচ্ছে দেশ ও জাতির মেরুদন্ড । সমাজ পরিবর্তন বা বিবর্তনে শিক্ষাই হল মূল অস্ত্র । আজ প্রত্যন্ত গ্রাম থেকে তৈরী হচ্ছে ডাক্তার, ইঞ্জিনীয়ার । অনেকে দেশ-বিদেশে অধ্যয়ন করছে । অথচ ১৯৭৮ সালের আগে ১০০ জন উপজাতির মধ্যে ১০ জন লেখাপড়া জানতেন । যুগ যুগ ধরে এরাজ্যের উপজাতিরা পাহাড় জঙ্গলে যাযাবরের মত জীবন কাটাতেন । তৎকালীন সময়ে শিক্ষার জন্য আন্দোলন করতে হয়েছে । দশরথ দেবের নেতৃত্বে জনশিক্ষা আন্দোলন সংগঠিত হয় । এরপর থেকেই সারা রাজ্যে শিক্ষা সার্বজনীন শিক্ষার রূপ নেয় । তাই ছাত্র-ছাত্রীদের আত্ম কেন্দ্রিকতা পরিহার করে সুনাগরিক হিসেবে গড়ে উঠতে হবে ।

প্রধান অতিথির ভাষণে আগরতলা পুর নিগমের ডেপুটি মেয়র সমর চক্রবর্তী বলেন, আজকের ছাত্র-ছাত্রীরা আগামী দিনের ভবিষ্যৎ । বর্তমানে রাজ্যে শিক্ষার ও উন্নয়নের এক সুন্দর পরিবেশ তৈরী হয়েছে । কিন্তু একটি অংশ একে সহ্য করতে পারছেনা । তাই সবাইকে চোখ কান খোলা রেখে চলতে হবে। এছাড়া, অনুষ্ঠানে বক্তব্য রাখেন উপজাতি কল্যাণ দপ্তরের অধিকর্তা রবীন্দ্র রিয়াং । স্বাগত ভাষণ দেন সদর মহকুমার অতিরিক্ত মহকুমা শাসক সুব্রত মজুমদার । উপস্থিত ছিলেন পশ্চিম জেলার অতিরিক্ত জেলা শাসক ঊষাজেন মগ, সদর মহকুমা শাসক ড. সমিত রায় চৌধুরী, সদর মহকুমা এস.টি.বোর্ডিং হাউস কমিটির ভাইস চেয়ারম্যান রমেন্দ্র চন্দ্র দেববর্মা প্রমুখ।

অনুষ্ঠানের অতিথিগণ ছাত্র-ছাত্রীদের হাতে দশরথ দেব স্মৃতি মেধাবৃত্তি ও শংসাপত্র তুলে দেন। অনুষ্ঠানে প্রয়াত সাংবাদিক শান্তনু ভৌমিকের স্মৃতির প্রতি শ্রদ্ধা জানিয়ে এক মিনিট নীরবতা পালন করা হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সদর মহকুমা এস.টি. বোর্ডিং হাউস কমিটির চেয়ারম্যান অপরূপা দেববর্মা।

রাজ্যে সম্প্রসারিত উচ্চ শিক্ষার সুযোগ নিয়ে ছাত্রছাত্রীদের এগিয়ে যেতে বন মন্ত্রীর আহ্বান

উদয়পুর, ২১ সেপ্টেম্বর ।। উপজাতি কল্যাণ দপ্তরের উদ্যোগে আজ উদয়পুর মহকুমার বিভিন্ন বিদ্যালয়ের মেধাবী উপজাতি ছাত্রছাত্রীদের মেধাবৃত্তি প্রদান করা হয় । উদয়পুর টাউন হলে আয়োজিত এই মেধাবৃত্তি প্রদান অনুষ্ঠানের উদ্বোধন করেন বনমন্ত্রী নরেশ জমাতিয়া । প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন এ ডি সির কার্যনির্বাহী সদস্য জয়বাহাদুর জমাতিয়া। মহকুমা ভিত্তিক এই অনুষ্ঠানের উদ্বোধনী ভাষণে বনমন্ত্রী নরেশ জমাতিয়া ছাত্রছাত্রীদের গুণগত শিক্ষার মান উন্নয়নের উপর গুরুত্ব আরোপ করেছেন। তিনি বলেন, ছাত্রছাত্রীরা সুশিক্ষায় শিক্ষিত হয়ে যাতে আগামী দিনে দেশ ও সমাজের সুনাগরিক হয়ে গড়ে উঠতে পারে এর জন্য শিক্ষক শিক্ষিকা ও অভিভাবকদের সক্রিয় ভূমিকা পালন করতে হবে । তিনি বলেন, রাজ্যে শিক্ষা পরিকাঠামোর উন্নয়নের পাশা পাশি উচ্চ শিক্ষার যে সুযোগ সম্প্রসারিত হয়েছে একে কাজে লাগিয়ে ছাত্রছাত্রীদের আগামী দিনে আরও এগিয়ে যেতে হবে । অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে এ ডি সির কার্যনির্বাহী সদস্য জয় বাহাদুর জমাতিয়া বলেন, রাজ্যে শিক্ষা সংস্কৃতির যে সুষ্ঠু পরিবেশ সৃষ্টি হয়েছে একে রক্ষা করতে হবে । তিনি বলেন, শান্তি সম্প্রীতির পরিবেশ বজায় না থাকলে আমরা কোন ক্ষেত্রেই এগিয়ে যেতে পারব না । তিনি রাজ্যের সামগ্রিক উন্নয়নের স্বার্থে শান্তি সম্প্রীতি বজায় রাখার আহ্বান জানান। অনুষ্ঠানে মহকুমার ৪৯টি বিদ্যালয়ের ষষ্ঠ শ্রেণী থেকে নবম শ্রেণীর গত বার্ষিক পরীক্ষায় ৬০ শতাংশ বা তদূর্ধ্ব নম্বর পেয়ে উত্তীর্ণ হয়েছে এমন ৬২৭ জন ছাত্রছাত্রী এবং এবছরে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় ৬০ শতাংশ বা তদূর্ধ্ব নম্বর পেয়ে উত্তীর্ণ হয়েছে এমন ১০৪ জন ছাত্রছাত্রীকে মেধাবৃত্তি প্রদান করা হয় ।অনুষ্ঠানে মহকুমা উপজাতি কল্যাণ আধিকারিক শান্তনু দত্ত, মহকুমা শাসক শুভাশীষ বন্দোপাধ্যায় সহ অন্যান্য আধিকারিকগণ উপস্থিত ছিলেন । সভাপতিত্ব করেন জেলা উপজাতি কল্যাণ আধিকারিক বিমল রিয়াং ।

ডুকলী ব্লক ভিত্তিক লোকসংস্কৃতি উৎসব

আগরতলা, ২০ সেপ্টেম্বর ।। তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে এবং ডুকলী ব্লকের সহযোগিতায় আজ ডুকলী পঞ্চায়েত সমিতি হলে অনুষ্ঠিত হয় ব্লক ভিত্তিক লোকসংস্কৃতি উৎসব। ডুকলী পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান প্রমিলা রায় সরকার প্রদীপ প্রজ্জ্বলন করে এর উদ্বোধন করেন । উদ্বোধকের ভাষণে ডুকলী পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান প্রমিলা রায়(সরকার) বলেন, লোকসংস্কৃতি আমাদের ঐতিহ্য । লোকসংস্কৃতি চর্চার মাধ্যমে নতুন প্রজন্মকে পাশ্চাত্য সংস্কৃতির করাল গ্রাস থেকে রক্ষা করার জন্য তিনি আহ্বান জানান। অনুষ্ঠানে বক্তব্য রাখেন পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান দিলীপ দাস, বিডিও শিবজ্যোতি দত্ত । তথ্য ও সংস্কৃতি দপ্তরের আই সি ও মিঠন দত্ত স্বাগত বক্তব্য রাখেন । অনুষ্ঠানে ডুকলী ব্লকের বিভিন্ন গ্রাম পঞ্চায়েত থেকে ১৫৬জন শিল্পী অংশ গ্রহণ করেন । শিল্পীরা লোকসংগীত, লোকনৃত্য, বিয়েরগান, মুর্শিদী, মারফতি, জারি-সারি ইত্যাদি পরিবেশন করেন ।

জিরানীয়ায় জাতীয় সেবা প্রকল্প দিবস ২৫ সেপ্টেম্বর

জিরানীয়া, ২০ সেপ্টেম্বর ।। আগামী ২৫ সেপ্টেম্বর জিরানীয়া কলেজ চৌমুহনীর অগ্নিবীনা হলে জাতীয় সেবা প্রকল্প দিবস পালন করা হবে । যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের জিরানীয়া মহকুমা কার্যালয়ের উদ্যোগে এই কর্মসূচী আয়োজিত হবে । গত ১৫ সেপ্টেম্বর পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের যুব ও ক্রীড়া বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি সঞ্জয় দাসের সভাপতিত্বে সংশ্লিষ্ট দপ্তরের জিরানীয়া মহকুমা কার্যালয়ে আয়োজিত এক সভায় এই সিদ্ধান্ত হয় । ২৫ সেপ্টেম্বর বীরেন্দ্রনগর দ্বাদশ শ্রেণী বিদ্যালয় থেকে এক বর্ণাঢ্য র‍্যালী বিভিন্ন পথ পরিক্রমা করে অগ্নিবীনা হলে এসে সমবেত হবে । সেখানে অনুষ্ঠিত হবে আলোচনাচক্র এবং সাংস্কৃতিক অনুষ্ঠান । এতে বিশিষ্ট ব্যক্তিগণ আলোচনা করবেন । প্রস্তুতি কমিটির সভা থেকে অনুষ্ঠান সুষ্ঠু ভাবে পরিচালনার জন্য জিরানীয়া নগর পঞ্চায়েতের চেয়ারপার্সন প্রদীপ দেবনাথকে চেয়ারম্যান করে ৩৪ সদস্যক প্রস্তুতি কমিটি এবং ২টি উপ-কমিটি গঠন করা হয়েছে ।

শক্তি সাধন জমাতিয়াদের দাবী অযৌক্তিক ঃ রাজ্য সরকার

উদয়পুর, ২০ সেপ্টেম্বর ।। শক্তি সাধন জমাতিয়া এবং উত্তম জয় রিয়াং-এর নেতৃত্বে ৪০-৫০ সদস্যের একটি উপজাতি দল ২০ সেপ্টেম্বর সকাল ১০টায় উদয়পুর মহকুমার জহর নবোদয় বিদ্যালয়ের বনদুয়ারে একটি সমাবেশ সংঘটিত করে তাদের পাঁচ দফা দাবী আদায়ের লক্ষ্যে । এই পাঁচ দফা দাবীর মধ্যে রয়েছে তাদের বিরুদ্ধে আদালতের মামলা তুলে নেওয়া এবং তাদের আত্মসম্পর্ণকারী সন্ত্রাসবাদী হিসেবে বিবেচনা করা । তাদের দাবীগুলি পূরণ না হলে তারা অনির্দিষ্ট কালের জন্য রাস্তা রোখো আন্দোলন শুরু করারও হুমকী দেয় । গতকাল অর্থাৎ ১৯ সেপ্টেম্বর গোমতী জেলার জেলা শাসক এবং পুলিশ সুপার এই অংশের নেতৃবৃন্দকে অনুরোধ করেন তারা যাতে বিক্ষোভ প্রদর্শন না করে, কিন্তু তারা সেই কথায় কর্ণপাত করেনি । উপজাতি কল্যাণ দপ্তরের রেকর্ড অনুযায়ী শক্তি সাধন জমাতিয়া, উত্তমজয় রিয়াং এবং যারা বিক্ষোভ প্রদর্শন করেছে তারা আত্মসম্পর্ণকারী সন্ত্রাসবাদী নয় । তাদের নাম ত্রিপুরা সরকারের স্বরাষ্ট্র দপ্তর কর্তৃকও অনুমোদিত হয়নি । তাই তাদের দাবীগুলি অযৌক্তিক এবং রাজ্য সরকার কর্তৃক বিবেচ্য নয় । উপজাতি কল্যাণ দপ্তরের এক প্রেস রিলিজে এই সংবাদ জানানো হয়েছে ।

পশ্চিম জেলার ১০১ জন উপজাতি যুবক যুবতীকে ঋণ প্রদান

আগরতলা, ২০ সেপ্টেম্বর ।। উপজাতি বেকার যুবক যুবতীরা যাতে স্বাধীনভাবে ব্যবসা করতে পারে সে লক্ষ্যে ত্রিপুরা উপজাতি সমবায় উন্নয়ন নিগম থেকে গত আগষ্ট মাস পর্যন্ত পশ্চিম জেলার ১০১ জন যুবক যুবতীকে ২ কোটি ৫৩ লক্ষ ৭৭ হাজার টাকা ঋণ দেওয়া হয়েছে । সম্প্রতি পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের সভাগৃহে পরিষদের সামাজিক ন্যায় বিচার বিষয়ক স্থায়ী কমিটির সভায় ত্রিপুরা উপজাতি সমবায় উন্নয়ন নিগমের প্রতিনিধি অমূল্য সরকার এই তথ্য জানান ।স্থায়ী কমিটির সভাপতি শিপ্রা সরকারের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় পরিষদের সদস্য সদস্যাগণ ছাড়াও সংশ্লিষ্ট দপ্তরের আধিকারিকগণ উপস্থিত ছিলেন । মুখ্য শ্রম আধিকারিক আনন্দবাসী ত্রিপুরা সভায় জানান, অসংগঠিত শ্রমিক সহায়িকা প্রকল্পে এই জেলায় এখন পর্যন্ত ৩১ হাজার ১১২ জন শ্রমিকের নাম নথিভূক্ত করা হয়েছে । এ প্রকল্পে একজন শ্রমিক তার একাউন্টে প্রতিমাসে ৫০ টাকা করে জমা রাখেন । রাজ্য সরকার থেকেও তার একাউন্টে ৫০ টাকা করে জমা করা হয় । তিনি জানান, নির্মাণ শ্রমিক কল্যাণ প্রকল্পে এই জেলায় ৩৩ হাজার ৪৭ জন শ্রমিকের নাম নথিভুক্ত হয়েছে । এ প্রকল্পে গত আগষ্ট মাসে ৩৬৪ জন শ্রমিক ও তাদের পরিবারকে ১ কোটি ২১ লক্ষ ৯ হাজার ৪৬৪ টাকা আর্থিক সহায়তা করা হয়েছে । সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা দপ্তরের পরিদর্শক সঞ্জিত রূপিনী জানান, এই জেলায় ১৭৭৩টি অঙ্গনওয়াড়ী কেন্দ্র রয়েছে । পূজার সময় বিভিন্ন ক্লাব প্রাঙ্গণে বিভিন্ন ভাতার নীতি নির্দেশিকা প্রদর্শন করা হবে । পশ্চিম জেলা প্রতিবন্ধী পুনর্বাসন কেন্দ্রের প্রশাসনিক আধিকারিক বিজয় ভৌমিক জানান, এই জেলায় গত আগষ্ট মাসে রবি কুমার দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ে এবং বামুটিয়া কমিউনিটি হলে দুটি প্রতিবন্ধী চিহ্নিতকরণ শিবির করা হয়েছে । শিবিরে প্রতিবন্ধীদের মধ্যে সার্টিফিকেট বিলি করা হয় ।

অমরপুরে সর্বদলীয় বৈঠক অনুষ্ঠিত

অমরপুর, ১৮ সেপ্টেম্বর ।। শারদোৎসব এবং নির্বাচনের সময় যাতে মহকুমায় শান্তিপূর্ণ পরিবেশ বজায় থাকে সেই লক্ষ্যে গত ১৪ সেপ্টেম্বর অমরপুর মহকুমা প্রশাসনের উদ্যোগে এক সর্বদলীয় বৈঠক অনুষ্ঠিত হয় । অমরপুর রাজস্ব ডাক বাংলোয় মহকুমা শাসক অরুন কুমার রায়ের সভাপতিত্বে আয়োজিত এই বৈঠকে ডি সি এম ধৃতিশেখর রায়, অমরপুর ও অম্পির মহকুমা পুলিস আধিকারিক এবং বিভিন্ন রাজনৈতিক দলের প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন । বৈঠকে মহকুমা প্রশাসনের পক্ষ থেকে এলাকায় সুশৃঙ্খল পরিবেশ বজায় রাখার জন্য সবার সহযোগিতা চাওয়া হয়।

মান্দাইয়ে লোক সংস্কৃতি উৎসব অনুষ্ঠিত

জিরানীয়া, ১৮ সেপ্টেম্বর ।। তথ্য ও সংস্কৃতি দপ্তর এবং মান্দাই ব্লকের যৌথ উদ্যোগে গত ১৬ সেপ্টেম্বর মান্দাই ব্লকের সভাকক্ষে ব্লকভিত্তিক লোক সংস্কৃতি উৎসব অনুষ্ঠিত হয় । অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আরি এ ডি সি ভিলেজ কমিটির চেয়ারম্যান মঙ্গল দেববর্মা। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মান্দাইনগর ভিলেজ কমিটির চেয়ারম্যান আনারকলি দেববর্মা । স্বাগত ভাষণ রাখেন মান্দাই ব্লকের বি.ডি.ও আশুরঞ্জন দেববর্মা । অনুষ্ঠানে ব্লক এলাকার লোকশিল্পীরা জাদুকলিজা, ককবরক লোকসংগীত, উপজাতি লোক নৃত্য ইত্যাদি পরিবেশন করেন।

এইচ আই ভি নির্ণয়ের ক্ষেত্রে মান্যতা

আগরতলা, ১৮ সেপ্টেম্বর ।। আগরতলা সরকারী মেডিক্যাল কলেজ এবং গোবিন্দ বল্লভ পন্থ হাসপাতালের এস আর এল এন্ড আই সি টি সি ল্যাবরেটরি এইচ আই ভি নির্ণয়ের ক্ষেত্রে এন এ বি এল (ন্যাশনাল এক্রিডিটিশন বোর্ড ফর টেস্টিং অ্যান্ড কেলিব্রেসন ল্যাবরেটরিস) কর্তৃক মান্যতা পেয়েছে। গত ৩০ আগস্ট ২০১৭ থেকে আগামী দুই বছর পর্যন্ত এইচ আই ভি নির্ণয় সংক্রান্ত পরীক্ষা নিরীক্ষায় গুণগতমানের সর্বোচ্চ এই স্বীকৃতি বজায় থাকবে। উল্লেখ্য, প্যাথলজিক্যাল ল্যাবরেটরির গুণগতমান বিচারের ক্ষেত্রে সর্বভারতীয় ক্ষেত্রে এন এ বি এল হল সর্বোচ্চ সংস্থা। কোনও প্যাথলজিক্যাল ল্যাবরেটরি এই সংস্থার স্বীকৃতি পেলে সর্বভারতীয় ক্ষেত্রেই এই ল্যাবরেটরির রিপোর্ট মান্যতা পাবে। এ জি এম সি এবং গোবিন্দ বল্লভ পন্থ হাসপাতালের এস আর এল এন্ড আই সি টি সি (ইনটিগ্রেটেড কাউন্সিলিং এন্ড টেস্টিং সেন্টার) ল্যাবরেটরি এই স্বীকৃতি পাবার ফলে রাজ্যে এইচ আই ভি নির্ণয়ের ক্ষেত্রে কোনও ধরনের সংশয়ের আর অবকাশ থাকবে না । রাজ্যবাসী সম্পূর্ণ বিনামূল্যে সর্বভারতীয় মান্যতা প্রাপক এই সুবিধা গ্রহণ করতে পারবেন। নেশন্যাল হেলথ মিশনের (এন এইচ এম) মিশন ডিরেক্টর এক বিবৃতিতে এই সংবাদ জানিয়েছেন।